



# এই COVID-19 সংকটে নিউ ইয়র্কবাসীদের জন্য বিনামূল্যে খাবার

## সংগ্রহ করে নিয়ে যাওয়ার জন্য (Grab and Go) খাবার

প্রাপ্তবয়স্ক এবং শিশুরা শহর জুড়ে 200টিরও বেশি কমিউনিটি খাবার সরবরাহ কেন্দ্র থেকে একাধিক বেলার খাবার নিতে পারবেন, কোনো রেজিস্ট্রেশন বা পরিচয়পত্রের প্রয়োজন নেই।

প্রতিটি কেন্দ্রে একটি স্ট্যান্ডার্ড বা নিরামিষভোজী, হালাল-সার্টিফাইড অপশন রয়েছে।

নির্দিষ্ট কেন্দ্রগুলোতে কোশার-সার্টিফাইড খাবার এবং সম্প্রসারিত হালাল খাদ্য পরিষেবাও রয়েছে।

নিকটতম অবস্থান এবং খোলা থাকার সময়সূচির জন্য দেখুন: [schools.nyc.gov/school-life/food/free-meals](https://schools.nyc.gov/school-life/food/free-meals)

## জরুরি খাবার ডেলিভারি

COVID-19 সংকটের সময় চাহিদাসম্পন্ন নিউ ইয়র্কবাসীদের জন্য জরুরি খাবার হোম-ডেলিভারি পরিষেবার ব্যবস্থা রয়েছে যদি:

- আপনি বা আপনার পরিচিত কেউ বাইরে যেতে এবং আপনার জন্য খাবার আনতে না পারেন
- আপনি খাবার বা মুদি সামগ্রী ডেলিভারির ব্যয়ভার বহন করতে না পারেন

অনুরোধ সাপেক্ষে নিরামিষ, কোশার ও হালাল অপশন পাওয়া যাবে।

জরুরি খাবার ডেলিভারি পাওয়ার জন্য সাইন-আপ করতে:

- **1-212-COVID19 (1-212-268-4319)** নম্বরে **Test & Trace Corps** হটলাইনে কল করুন। রিসোর্সের জন্য 5 চাপুন, এবং তারপর একজন রিসোর্স নেভিগেটরের জন্য একটি মেসেজ রাখতে 5 চাপুন। একজন রিসোর্স নেভিগেটর আপনাকে ফিরতি কল করবেন এবং তালিকাভুক্তিতে সাহায্য করবেন।
- **অনলাইনে [nyc.gov/getfood](https://nyc.gov/getfood)** ওয়েবসাইটে **সাইন-আপ করুন** অথবা **311** নম্বরে **ফোন করুন** এবং বলুন “get food” (গেট ফুড)।

**বিনামূল্যে ফুড প্যাক্সি এবং গ্র্যাব এন্ড গো সাইট সহ শহর জুড়ে খাদ্য সরবরাহ কেন্দ্রগুলোর একটি মানচিত্র এখানে পাওয়া যাবে: [nyc.gov/getfoodmap](https://nyc.gov/getfoodmap)**

**GetFood NYC**  
COVID-19 Emergency Food Distribution  
Bengali\_October 2020

**NYC**  
**HEALTH+**  
**HOSPITALS**

**Test & Trace**  
**Corps**